

সংবাদ প্রকাশের জেরে সাংবাদিককে হুমকি, থানায় জিডি

নিজস্ব প্রতিবেদক

প্রকাশ: অক্টোবর, ১৮ সেপ্টেম্বর, ২০২৬, ১:০৪ এম

📖 লিখুন অ + অ - অ



সংবাদ প্রকাশের জেরে অনলাইন নিউজ পোর্টাল 'নিউজ অ্যান্ড বিজনেস'-এর প্রধান সম্পাদক এসএম শামীমকে হুমকি ও চাপ দেওয়ার অভিযোগ উঠেছে। এ ঘটনায় নিরাপত্তার স্বার্থে তেজগাঁও শিল্পাঞ্চল থানায় জিডি করেছেন তিনি।

জিডি সূত্রে জানা যায়, দক্ষিণ বেগুনবাড়ির ৪/৪ ও ৭/এ/২ নম্বর হোল্ডিংয়ে বিজি প্রেসের সাবেক ড্রাইভার মোসাদ্দেক হোসেন শফির দুটি আটতলা ভবন নিয়ে 'নিউজ অ্যান্ড বিজনেস'-এ অনুসন্ধানী প্রতিবেদন প্রকাশ হয়। প্রতিবেদনে ভবন দুটির নির্মাণে অনিয়ম, অনুমোদনের বাইরে অতিরিক্ত তলা নির্মাণ এবং ফ্ল্যাটগুলোতে গ্যাস সংযোগ থাকার বিষয় তুলে ধরা হয়।

প্রতিবেদনটি প্রকাশের আগে শফির বক্তব্য জানতে যোগাযোগ করা হলে তিনি এক সপ্তাহ সময় নেন। পরবর্তীতে তার বক্তব্য নেওয়ার চেষ্টা করা হলেও শফি নিজে প্রতিবেদকের সঙ্গে কথা না বলে কর্মচারীদের মাধ্যমে যোগাযোগ করেন বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়।

জিডিতে অভিযোগ করা হয়েছে, ১২ থেকে ১৬ সেপ্টেম্বর শফির পক্ষে রাজ, বাবুসহ কয়েকজন ফোন করে সংবাদ সরিয়ে নেওয়া এবং পরবর্তী প্রতিবেদন প্রকাশ না করার জন্য চাপ দেন। একই সঙ্গে সংবাদ বন্ধের বিনিময়ে অর্থ দাবির অভিযোগ তুলে সাংবাদিকের বিরুদ্ধে মিথ্যা ও বিভ্রান্তিকর অপপ্রচার চালানোর কথাও জিডিতে উল্লেখ করা হয়েছে।

এস এম শামীম বলেন, “সংবাদ প্রকাশের পর একটি মহল আমার পেশাগত দায়িত্ব পালনে বাধা দেওয়ার চেষ্টা করছে। বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় আইনগত সুরক্ষার জন্য থানায় জিডি করেছি।”

জিডি গ্রহণের পর তেজগাঁও শিল্পাঞ্চল থানার ওসি মোহাম্মদ মাহবুবুর রহমান বিষয়টি তদন্ত ও প্রয়োজনীয় ব্যবস্থা নিতে এসআই মো. আব্দুল হামিদকে দায়িত্ব দিয়েছেন বলে জিডিতে উল্লেখ করা হয়েছে।

সর্বশেষ সংবাদ

১. রবীন্দ্রনাথসহ পশ্চিমবঙ্গের লেখক-চলচ্চিত্রকারদের গ্রাহ্যিততে কালি, জুলাইযোদ্ধা আয়াসসহ আটক ও
২. সরকারের উন্নয়ন বাধাগ্রস্ত করতে ষড়যন্ত্র চলছে: রিজভী
৩. দিল্লিতে সিজেপির তিন নেতা আটক, মমতা-নেহা বোরাসহ বিভিন্ন স্থানে বিক্ষোভকারীদের গ্রেপ্তার
৪. আন্তর্জাতিক কুরআন প্রতিযোগিতায় বিশ্বসেরা বাংলাদেশের হাফেজ হিরা
৫. রিডিউয়ের ডুলের পর অতলকে ফিরিয়ে স্বস্তি হাসান মাহমুদের

সর্বাধিক পঠিত

১. রাজধানীর প্রতিটি রুটে চলবে এক কোম্পানির বাস
২. মদিনায় যেসব স্থানে নামাজ পড়েছেন নবী কারিম (সা.)
৩. ধর্ম-বর্ণ-পরিচয় নির্বিশেষে সবার সমান অধিকার নিশ্চিত করতে চায় সরকার: প্রধানমন্ত্রী
৪. প্রশাসনে ফ্যাসিবাদের দোসররা ঘাপটি মেরে আছে: রিজভী
৫. বণিকদের আস্থা ও ভালোবাসা নিয়ে এগিয়ে যেতে চান আসাদুজ্জামান

এই ক্যাটেগরির আরো সংবাদ



বাংলাদেশ মফস্বল সাংবাদিক সোসাইটির প্রতিষ্ঠাতা চেয়ারম্যানের মৃত্যু



রেজিস্ট্রেশন কমপ্লেক্সে অনিয়মের অনুসন্ধানে গিয়ে সাংবাদিকের ওপর হামলা, তীব্র নিন্দা



বাংলাদেশ মফস্বল সাংবাদিক সোসাইটি ঢাকা মহানগর (উত্তর) কমিটির অনুমোদন



তেজগাঁও প্রেস ক্লাবের তথ্য প্রযুক্তি ও গবেষণা সম্পাদক নির্বাচিত হলেন আল-আমীন



তেজগাঁও প্রেস ক্লাবের কমিটি গঠন: সভাপতি হাবিব, সম্পাদক শামীম



মিডিয়া সমাজের দর্পণ, সাংবাদিকগণ সেই দর্পণের ম্যাজিশিয়ান: ড. আসিফ মিজান



কেরানীগঞ্জে ঢাকার কণ্ঠ'র উদ্যোগে ডিজিটাল সাংবাদিকতা প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত



বস্তুনিষ্ঠ সাংবাদিকতার ৫ম বছরে পদার্পণ করল দৈনিক আজকালের কণ্ঠ

সম্পাদক ও প্রকাশক: ড. কাজী এরতেজা হাসান

সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

সাউথ ওয়েস্টার্ন মিডিয়া গ্রুপ

@ভেইলি ভোরের পাতা ডটকম

বার্তা ও বাণিজ্যিক কার্যালয় : ৯৩ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

ফোন: ৮৮-০২-৪১০১০০৮৭, ৪১০১০০৮৬, বিজ্ঞাপন বিভাগ: ৪১০১০০৮৪, ফ্যাক্স : ৮৮-০২-৪১০১০০৮৫

অনলাইন ইমেইল: vorerpata24@gmail.com বার্তা ইমেইল: news@dailyvorerpata.com বিজ্ঞাপন ইমেইল: vpgmad@gmail.com



উপরে

